

**ইডেন কলেজ  
পরিস্থিতির  
অবনতি**

(ইত্তেফাক রিপোর্ট)

ইডেন মহিলা বিশ্ববিদ্যালয় কলেজের পরিস্থিতির অবনতি ঘট হয়েছে। একটি সূত্র জানায়, কলেজের প্রিন্সিপালের পদত্যাগের দাবীতে ছাত্রীদের একটি গ্রুপ গত ২/৩ দিন কলেজ ক্যাম্পাসে সন্ত্রাসী তৎপরতা চালায়। তাহারা কলেজের ছাত্রীনিবাসের এটি রুম ভাঙ্গ চুর করে। ছাত্রীনিবাসের তত্ত্বাবধায়ক মিসেস কারুন্সার বাসায় হামলা চালায় এবং মিসেস কারুন্সাকে লাঞ্চিত করে। এই ঘটনার প্রতিবাদে ছাত্রীনিবাসের তত্ত্বাবধায়কগণ গতকাল (শনিবার) একযোগে কর্মবিরতির ঘোষণা দিয়েছেন।

গতকাল কলেজের শিক্ষক পরিষদের এক সাধারণ সভায় বলা হয়, ৬ই জানুয়ারী হইতে ইডেন কলেজের অভ্যন্তরে কতিপয় উশুঙ্খল ছাত্রীর সন্ত্রাসমূলক তৎপরতা বৃদ্ধি পাইয়াছে। ছাত্রীনিবাসের নিরীহ পরীক্ষার্থী ছাত্রীদেরকে নৃশংসভাবে প্রহার, ছাত্রীনিবাসের সুপার ও প্রিন্সিপালের বাসায় ভাঙ্গচুর ও সরকারী সম্পত্তি বিনষ্ট করার ঘটনা অব্যাহত থাকার কারণে সভায় কলেজ অনির্দিষ্টকালের জন্য বন্ধ রাখার সিদ্ধান্ত বহাল রাখা হয়।

17